

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ  গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ২২, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখ : ২৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ/০৮ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয় **জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ ইয়ার্ডগুলোকে গ্রীন শীপ ইয়ার্ডে উন্নীতকরণের লক্ষ্যে জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ ship recycling প্রতিষ্ঠানসমূহ কর্তৃক মূলধনী যন্ত্রপাতি capital machineries আমদানির ক্ষেত্রে আমদানি পর্যায়ে আরোপিত সমুদয় মূল্য সংযোজন কর আগাম করসহ অব্যাহতি প্রদান।**

নং **মুসক** —যেহেতু সরকার ২০২৩ সালের জুন মাসে The Hong Kong International Convention for the Safe and Environmentally Sound Recycling of Ships (HKC) অনুসমর্থন ratify করিয়াছে যাহা ২৬ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ হইতে কার্যকর enforce হইবে এবং উক্ত সময়ের মধ্যে সকল জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ ইয়ার্ডকে গ্রীন শিপ রিসাইক্লিং ইয়ার্ডে উন্নীত করিতে হইবে অন্যথায় উক্ত সময়ের পর থেকে পুনঃপ্রক্রিয়াজাতকরণের জন্য কোনো জাহাজ বাংলাদেশে আসিতে পারিবে না

সেহেতু মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন ২০১২ ২০১২ সনের ৪৭ নং আইন এর ধারা ১২৬ এর উপ ধারা ৩ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ ইয়ার্ডগুলোকে গ্রীন শীপ ইয়ার্ডে উন্নীতকরণের লক্ষ্যে জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ ship recycling প্রতিষ্ঠানসমূহ কর্তৃক টেবিলের কলাম ৩ এ বর্ণিত মূলধনী যন্ত্রপাতি capital machineries আমদানির ক্ষেত্রে নিম্নের শর্তাবলি পরিপালন সাপেক্ষে আমদানি পর্যায়ে আরোপিত সমুদয় মূল্য সংযোজন কর আগাম করসহ অব্যাহতি প্রদান করিল

(২৯০৭৯)

মূল্য : টাকা ৪.০০

টেবিল

শিরনামা সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code)	পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods)
(১)	(২)	(৩)
84.26	সংশ্লিষ্ট এইচ.এস. কোড	Crawler Cranes
84.29	সংশ্লিষ্ট এইচ.এস. কোড	Magnetic Excavator
84.29	সংশ্লিষ্ট এইচ.এস. কোড	Hydraulic Bulldozer

শর্তাবলি

ক আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি capital machineris সমূহ HKC এর বাধ্যবাধকতার আলোকে শুধুমাত্র শিপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং ইয়ার্ড এর উন্নয়নের জন্য প্রয়োজনীয় এবং ব্যবহার্য হইবে মর্মে শিল্প মন্ত্রণালয়ের উপসচিব পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র শুল্কায়নের সময় কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে

(খ) রেয়াতি হারে আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি capital machineris সমূহ শুধুমাত্র শিপ ব্রেকিং ও রিসাইক্লিং ইয়ার্ডে ব্যবহার করিতে হবে এবং ন্যূনতম পাঁচ বৎসরের পূর্বে বিক্রয় বা হস্তান্তর করা যাইবে না পাঁচ বৎসর অতিবাহিত হইবার পূর্বে আমদানিকৃত উক্ত মূলধনী যন্ত্রপাতি capital machineris বিক্রয় বা হস্তান্তর করা হইলে প্রদত্ত রেয়াতি সুবিধা বাতিল বলিয়া গণ্য হইবে এবং সেক্ষেত্রে আমদানি পর্যায়ে আরোপিত সমুদয় মূল্য সংযোজন কর আগাম করসহ আদায়যোগ্য হইবে

(গ) রেয়াতি হারে আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি capital machineris সমূহ শুধুমাত্র শিপ ব্রেকিং ও রিসাইক্লিং ইয়ার্ডে ব্যবহার এবং ন্যূনতম পাঁচ বৎসরের পূর্বে বিক্রয় বা হস্তান্তর না করার বিষয়টি সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তা এবং সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা তদারকি করিবেন

(ঘ) আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি capital machineris সমূহ ন্যূনতম পাঁচ বৎসরের পূর্বে বিক্রয় বা হস্তান্তর করা হইবে না মর্মে তিনশত টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প একটি অঞ্জীকারনামা শুল্কায়নের সময় আমদানিকারক কর্তৃক সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে এবং ইহা ২৬ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ মশিউর রহমান
প্রথম সচিব মূসক নীতি ।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত ।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত । website: www.bgpress.gov.bd